গাংনীর কুতুবপুর স্কুল এন্ড কলেজে গভর্নিং বডির সভা অনুষ্ঠিত

কুতুবপুর পুর স্কুল এন্ড কলেজে গভর্নিং বডির সাথে শিক্ষকদের মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। আজ বুধবার সকাল ১০ সময় কুতুবপুর স্কুল এন্ড কলেজের সভাকক্ষে এ সভা অনুষ্ঠিত হয়।

সামনে ১০ম শ্রেনী ও দ্বাদশ শ্রেনীর বর্ড পরীক্ষা কে কেন্দ্র করে মত বিনিময় সভায় শিক্ষার্থী দের লেখা পড়ার মান উন্নয়ন নিয়ে আলোচনা করা হয়।

সভায় সভাপতিত্ব করেন কুতুবপুর স্কুল এন্ড কলেজের দাতা সদস্য, ও প্রতিষ্ঠাতা সভাপতি এবং কাথুলী ইউনিয়ন পরিষদের সবেক চেয়ারম্যান হাজী মোঃ আমিনুল ইসলাম। গভর্নিং বডির সদস্য জিনারুল ইসলাম, চুন্নু মিয়া, খায়রুল ইসলাম, কল্পনা খাতুন। উপস্থিত ছিলেন কুতুবপুর স্কুল এন্ড কলেজের ভারপ্রাপ্ত অধ্যাক্ষ হাফিজুল ইসলাম, সিনিয়র শিক্ষক আমজাদ হোসেন,মাঝারুল ইসলাম, ফিরোজা খাতুন,জয়নাল আবেদিন,আবু তাহের সিদ্দিকী, সহকারী শিক্ষক রেজাউর রহমান,লাভলু হোসেন,জুহিন আলী, নাজমুল হোসেন ইকলাছ সুমনা খাতুন পল্লবী সাহা সহ আরো শিক্ষক বৃন্দ।

এ সময় শিক্ষার মান উন্নয়ন নিয়ে শিক্ষকদের উদ্দেশ্য হাজী মোঃ আমিনুল ইসলাম জানান আগামী তে ছাত্র ছাত্রী দের রেজাল্ট ভালো করতে শিক্ষকদের সর্বচ্চ ভূমিকা পালন করতে হবে, শিক্ষক ও অবিভাবকের সাথে মাসিক সমন্বয় সভার আয়োজন করতে হবে। প্রতিটি শ্রেনীর শিক্ষার্থীদের উপস্থিতি ১০০% নিশ্চিত করার চেষ্টা করতে হবে।জি পি এ ৫.০০ এর জন্য ভালো শিক্ষার্থীদের বাছাই করে অতিরিক্ত ক্লাস চালু করতে হবে,তাদের পিতা মাতার সাথে সার্বক্ষনিক যোগাযোগ রাখতে হবে।কারন ভালো গাইডলাইন না পেলে ভালো শিক্ষার্থীরাও ঝরে পড়তে হবে।শিক্ষকদের সফলতা তখনই হয় যখন প্রতিষ্ঠানের রেজাল্ট ভালো হয় কাজী আপনারা অনেক দায়িত্ববান শিক্ষক আমি জানি তবে শিক্ষার্থীদের কে আরো মোটিভেশন করে তাদের কে গড়ে তুলতে হবে।

এ বিষয়ে কুতুবপুর স্কুল এন্ড কলেজের ভারপ্রাপ্ত অধ্যাক্ষ হাফিজুল

ইসলাম বলেন আমরা এবারচেষ্টা করবো ১০০% পাশের হার নিশ্চিত করা।এবং জি পি এ ৫ এর হার আরো বৃদ্ধি করা।তবে এখানে আমার সকল সহযোদ্ধা শিক্ষকদের অগ্রনি ভূমিকা পালন করতে হবে।

এ বিষয়ে রেজাউর রহমান স্যার জানান ইতিমধ্যে আমাদের প্রতিষ্ঠানের সভাপতি কাথুলী ইউপি চেয়ারম্যান ও গভর্নিং বডির সভাপতি মিজানুর রহমান নির্দেশনা দেন টেস্ট পরীক্ষা তে কেউ একের অধিক সাবজেক্টে ফেল করলে তার বোর্ড পরীক্ষায় অংশ গ্রহন করতে দেওয়া হবে না।যদি দিতে হয় তাহলে সেই শিক্ষার্থীর অবিভাবক কে সাথে নিয়ে লিখিত দিতে হবে তবেই তাকে বোর্ড পরীক্ষায় অংশ গ্রহন করতে দেওয়া হবে। তাই আমরা সকল শিক্ষক ও কমিটেড আগামী তে শিক্ষার্থীদের রেজাল্ট ভালো করতে আমাদের ভূমিকা সবার উর্ধে থাকবে।

এ সময় সকল শিক্ষকদের সাথে পরামর্শ করে আগামী আরো কি কি উদ্যোগ গ্রহন করলে শিক্ষার্থী দের আরো লেখা পড়ার মান ভালো হবে তা পরিকল্পনা করেন এবং তা বাস্তবায়ন করার নির্দেশ প্রদান করেন।

গাংনীতে রাষ্ট্রীয় মর্যাদায় বীর মুক্তিযোদ্ধার দাফন

মেহেরপুরের গাংনীতে রাষ্ট্রীয় মর্যাদায় বীর মুক্তিযোদ্ধার আইজদ্দীন(৮৭) এর দাফন সম্পন্ন হয়েছে। আজ বুধবার (৮ নভেম্বর) সকাল ১১টার সময় গাংনীর ফতাইপুর কেন্দ্রীয় ঈদগাহ প্রাঙ্গনে রাষ্ট্রীয় মর্যাদায় গার্ড অফ অনার শেষে তাঁর জানাজা অনুষ্ঠিত হয়।

এর আগে গাংনী উপজেলা নির্বাহী অফিসার প্রীতম সাহা বীর মুক্তিযোদ্ধা আইজদ্দীনের মরদেহকে জাতীয় পতাকা দ্বারা আচ্ছাদিত ও পুষ্পস্তবক অর্পণ করে শ্রদ্ধা নিবেদন করেন। এর পরপরই সাবেক সংসদ সদস্য ও বীর মুক্তিযোদ্ধা মকবুল হোসেন পুষ্পস্তবক অর্পণ করে শেষ শ্রদ্ধা নিবেদন করেন।

গাংনী থানার পুলিশ পরিদর্শক মনোজিৎ কুমার নন্দী’র নেতৃত্বে পুলিশের একটি চৌকস দল বীর মুক্তিযোদ্ধা আইজদ্দীনের মরদেহকে

রাষ্ট্রীয় মর্যাদায় গার্ড অব অনার প্রদান করেন।

মেহেরপুরে তিন বিচারকের বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত

মেহেরপুর জেলা জজ আদালত ও চিফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত থেকে সম্প্রতি বদলি হওয়া তিন বিচারককে বিদায় সংবর্ধনা দিয়েছে মেহেরপুর বিচার বিভাগ।

মঙ্গলবার (৭ নভেম্বর) দুপুর সাড়ে তিনটার সময় মেহেরপুর জেলা জজ আদালতের সম্মেলন কক্ষে জেলা জজ আদালতের সরকারি জজ আরিফা আফরিন আঁখি, সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট এস এম শরিয়ত উল্লাহ এবং সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট মোঃ তরিকুল ইসলাম কে বদলি জনিত কারণে বিদায় সংবর্ধনা দেয়া হয়।

বিদায় সংবর্ধনা অনুষ্ঠানে মেহেরপুর জেলা ও দায়রা জজ আদালতে বিচারক মোঃ শহিদুল্লাহ্, চিফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আবু বকর সিদ্দিকসহ বিচারকগণ এবং আদালতের কর্মকর্তা-কর্মচারীগণ উপস্থিত ছিলেন।

মেহেরপুর জেলা ও দায়রা জজ আদালতের বিচারককে সংবর্ধনা

মেহেরপুর জেলা ও দায়রা জজ আদালতের বিচারক হিসেবে কর্মস্থলে যোগদানের এক বছর পূর্তিতে জেলা ও দায়রা জজ আদালতের বিচারক মোঃ শহীদুল্লাহ কে সংবর্ধনা দিয়েছে মেহেরপুর বিচার বিভাগ ও মেহেরপুর জেলা আইনজীবী সমিতি।

মঙ্গলবার (৭ নভেম্বর) দুপুর তিনটায় মেহেরপুরে জেলা ও দায়রা জজ আদালতে এই শুভেচ্ছা ও সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করা হয়।

এ সময় মেহেরপুর বিচার বিভাগের সকল বিচারকগণ সহ বিচার বিভাগের সকল কর্মকর্তা কর্মচারী এবং মেহেরপুর জেলা আইনজীবী সমিতির নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে পাইকারি আলু ব্যবসায়ীসহ দুটি প্রতিষ্ঠানে জরিমানা

মেহেরপুরের গাংনীতে বিক্রয় রশিদ প্রদান না করায় পাইকারি আলু ব্যবসায়ীসহ দুটি প্রতিষ্ঠানে ৩৫ হাজার টাকা জরিমানা আদায় করেছে জাতীয় ভোক্তা সংরক্ষণ অধিদপ্তর।

মঙ্গলবার দুপুরে গাংনী শহরে এ অভিযান পরিচালনা করেন মেহেরপুর জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সহকারী পরিচালক সজল আহমেদ।

মেহেরপুর ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সহকারী পরিচালক সজল আহমেদ জানান, খুচরা ব্যবসায়ীদের অভিযোগের প্রেক্ষিতে পাইকারী আলু ব্যবসায়ী মেসার্স সততা ভান্ডারের মালিক শাহাদুল ইসলাম খুচরা বিক্রেতাদের বিক্রয় রশিদ দেন না। এ অভিযোগে ওই ব্যবসায়ীর ২০ হাজার টাকা জরিমানা করা হয়। তিনি আরো জানান, সরকার নির্ধারিত রেটের বেশি ৪০ টাকা কেজি দরে তিনি আলু পাইকারি বিক্রি করছিলেন।

পরে একই বাজারে অভিযান চালিয়ে মেয়াদ উত্তীর্ণ শিশু খাদ্য বিক্রি করার অপরাধে গাংনী স্টুডেন্ট কর্ণারের মালিক শফিকুল ইসলামকে ১৫ হাজার টাকা জরিমানা করা হয়।

এসময় জেলা কৃষি বিপণন কর্মকর্তা আব্দুর রাজ্জাক, গাংনী স্বাস্থ্য পরিদর্শক মশিউর রহমানসহ পুলিশের একটি টিম অভিযানে অংশ নেন।

মাহবুবউল আলম হানিফ এমপি’র সেজো ভাই শহিদুল আলমের মৃত্যু

আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক মাহবুবউল আলম হানিফ এমপি’র সেজো ভাই শহিদুল আলম মারা গেছেন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৭৪ বছর।

গতকাল সোমবার (৭ নভেম্বর) দিবাগত রাত পৌনে ১০টায় রাজধানীর স্কয়ার হাসপাতালে মারা যান। তিনি যুব উন্নয়ন অধিদফতরে সুনামের সাথে পরিচালকের দায়িত্ব পালন করেছেন। মৃত্যুকালে তিনি স্ত্রী, ১ কন্যা ও ১ পুত্রসহ অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন।

শহিদুল আলমের মৃত্যুতে কুষ্টিয়ায় শোকের ছায়া নেমে এসেছে। বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ গভীর দুঃখ ও সমবেদনা জানিয়েছেন। কুষ্টিয়া-১ আসনের সংসদ সদস্য অ্যাডভোকেট আ. কা. ম. সারোয়ার জাহান বাদশা, কুষ্টিয়া-৪ আসনের সংসদ সদস্য ব্যারিস্টার সেলিম আলতাফ জর্জ, কুষ্টিয়া জেলা প্রশাসক এহেতেশাম রেজা, পুলিশ সুপার এ এইচ এম আব্দুর রকিব, জেলা পরিষদ চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগের সভাপতি সদর উদ্দিন খান, সাধারণ সম্পাদক বীর মুক্তিযোদ্ধা আজগর আলী, কুষ্টিয়া পৌরসভার মেয়র আনোয়ার আলী, জেলা পরিষদের সাবেক চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগের সহ সভাপতি হাজী রবিউল ইসলাম, কুষ্টিয়া প্রেসক্লাবের সভাপতি রাশেদুল ইসলাম, সাধারণ সম্পাদক সোহেল রানা, সাংবাদিক ইউনিয়ন কুষ্টিয়ার সাধারণ সম্পাদক মাহমুদ হাসান, জেলা আইনজীবী সমিতির সাধারণ সম্পাদক শেখ আবু সাইদ, জেলা ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক অ্যাডভোকেট অনুপ কুমার নন্দী, সদর উপজেলা আওয়ামী লীগের সভাপতি অ্যাডভোকেট আ. স. ম আখতারুজ্জামান, সাধারণ সম্পাদক রেজাউল হক,শহর আওয়ামী লীগের সভাপতি তাইজাল আলী খান, সদর উপজেলা পরিষদ চেয়ারম্যান ও শহর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আতাউর রহমান আতা, বিএমএ কুষ্টিয়ার সাধারষ সম্পাদক ডা. আমিনুল হক রতন, জেলা কৃষকলীগের সভাপতি মকবুল হোসেন লাবলু, জেলা শিল্পকলা একাডেমির সাধারণ সম্পাদক আমিরুল ইসলাম, ব্যারিস্টার গৌরব চাকী, জেলা বাস মালিক চালক সমিতির সভাপতি আক্তারুজ্জামান, জেলা যুবলীগের সভাপতি রবিউল ইসলাম,

সাধারণ সম্পাদক জিয়াউল ইসলাম স্বপন, জেলা স্বেচ্ছাসেবক লীগের সভাপতি ইয়াসির আরাফাত, সাধারণ সম্পাদক মানব চাকী, জেলা ছাত্রলীগের সভাপতি আতিকুুর রহমান অনিক, সাধারণ সম্পাদক শেখ হাফিজ চ্যালেঞ্জ প্রমুখ।

শহিদুল আলমের মৃতু্তে মেহেরপুর থেকে বিভিন্ন জন শোক ও সমবেদনা জানিয়েছেন। মেহেরপুর প্রতিদিনের প্রকাশক, জেলা আওয়ামী লীগের শিক্ষা ও মানব সম্পদ বিষয়ক সম্পাদক এম এ এস ইমন, মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ইয়াদুল মোমিন, ব্যবস্থাপনা সম্পাদক মাহাবুব চান্দু, অনলাইন ইনচার্জ খান মাহমুদ আল রাফি।

শোক বার্তায় বিশিষ্টজনেরা প্রয়াত শহিদুল আলমের বিদেহী আত্মার মাগফেরাত কামনা ও শোকাহত পরিবারের প্রতি গভীর শোক ও সমবেদনা জানান।

আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক মাহবুবউল আলম হানিফের বাবা আফছার আলী ও রত্নগর্ভা মা রহিমা বেগম পাঁচ ছেলে ও চার মেয়ের জনক-জননী। পাঁচ ভাই হলেন: রবিউল আলম, রশিদুল আলম, শহিদুল আলম, রফিকুল আলম এবং সবার ছোট মাহবুবউল আলম হানিফ।

মাহবুবউল আলম হানিফের মেজো ভাই আওয়ামী লীগের সংসদীয় বোর্ডের সদস্য রশিদুল আলম। তিনি একজন যুদ্ধাহত মুক্তিযোদ্ধা।

মাহবুবউল আলম হানিফ ২০১০ সাল হতে ২০১৩ সাল পর্যন্ত প্রধানমন্ত্রী শেখ হাসিনার বিশেষ সহকারী হিসাবে দায়িত্ব পালন করেছেন। ২০০৯ সালে বাংলাদেশ আওয়ামী লীগের ১৮তম কাউন্সিলের মাধ্যমে প্রথমবারের মতো দলের কেন্দ্রীয় কমিটির যুগ্ম সাধারণ সম্পাদক পদ লাভ করেন। পরবর্তীতে ২০১২, ২০১৬ ও ২০১৯ সালে অনুষ্ঠিত ১৯, ২০ ও ২১তম কাউন্সিলেও তাকে যুগ্ম সাধারণ সম্পাদক পদে পুনঃ দায়িত্ব প্রদান করা হয়। ২০২২ সালে আওয়ামী লীগের ২২তম কাউন্সিলের মাধ্যমে পুনরায় কেন্দ্রীয় কমিটির যুগ্ম সাধারণ সম্পাদক নির্বাচিত হন এবং বর্তমানে এই দায়িত্ব পালন করছেন তিনি।

মেহেরপুর জজ কোর্টে নতুন কনফারেন্স রুমের উদ্বোধন

মেহেরপুর বিচার বিভাগের নতুন কনফারেন্স রুম (সম্মেলন কক্ষ) উদ্বোধন করেছেন মেহেরপুর জেলা ও দায়রা জজ মোঃ শহিদুল্লাহ।

সোমবার ৬ নভেম্বর সকাল ১০ টায় মেহেরপুর জেলা জজ আদালতের তৃতীয় তলায় ১০০ আসন বিশিষ্ট আধুনিক সুযোগ সুবিধা সমৃদ্ধ নতুন কনফারেন্স রুমটির উদ্বোধন করা হয়।



ছবিঃ মেহেরপুর প্রতিদিন

এসময় জেলা জজ আদালত ও চীফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালতের সকল বিচারক,মেহেরপুর জেলা আইনজীবী সমিতির সভাপতি কামরুল হাসান ও সাধারন সম্পাদক খ.ম.ইমতিয়াজ হারুন বিন জুয়েল এবং মেহেরপুর জেলা বিচার বিভাগের সকল কর্মচারীগণ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য আগের সম্মেলন কক্ষটি ছিলো ছিল স্বল্প পরিসরে জেলা জজ আদালতের দ্বিতীয় তলায়। সেখানে কোন বড় ধরনের সম্মেলন করতে গেলে স্থান সংকুলান হতো না আবার দাপ্তরিক কাজের ক্ষেত্রেও সমস্যা ঘটত। পরিস্থিতি বিবেচনায় জেলা জজ আদালতের বিচারক মোঃ শহীদুল্লাহ পরামর্শে গণপূর্ত বিভাগের পক্ষ থেকে কনফারেন্স রুমটি প্রস্তুত করে দেয়া হয়।

মেহেরপুরে দিঘিরপাড়া ঈদগাহ মাঠ উদ্বোধন করলেন পৌর মেয়র

মেহেরপুর পৌরসভার ৫ ও ৭ নম্বর ওয়ার্ডের সমন্বয়ে ১৮ কাঠা জমির ওপর দিঘিরপাড়ায় ঈদগাহ মাঠ উদ্বোধন করলেন মেহেরপুর পৌরসভার মেয়র ও মেহেরপুর জেলা যুবলীগের আহবায়ক মাহফুজুর রহমান রিটন ।

সোমবার বিকেলে দীঘিরপাড়ায় মেহেরপুর পৌরসভার পাঁচ ও সাত নম্বর ওয়ার্ডের সমন্বয়ে ঈদগাহ মাঠের উদ্বোধন করা হয়।

দিঘিরপাড়া ঈদগাহ মাঠ উদ্বোধনের সময় উপস্থিত ছিলেন মেহেরপুর পৌরসভার মেয়র ও মেহেরপুর জেলা যুবলীগের আহবায়ক মাহফুজুর রহমান রিটন ।
অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন মেহেরপুর পৌরসভার ২নং ওয়ার্ড কাউন্সিলর ও সদর থানা যুবলীগের সাধারণ সম্পাদক আল মামুন, মেহেরপুর পৌরসভার ৫নং ওয়ার্ড কাউন্সিলর মোস্তাক আহমেদ, মেহেরপুর পৌরসভা ৫নং ওয়ার্ড আওয়ামী লীগের সাধারণ সম্পাদক খলিলুর রহমান। ৭নং ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি মুরাদ হোসেন, দিঘিরপাড়া নতুন ঈদগাহ মাঠ কমিটির সভাপতি মো: সুজন এবং সেক্রেটারি আজিজুল হক, যুবলীগ নেতা ইয়ানুস, যুবলীগ নেতা সাজু, দিঘিরপাড়ার কৃতি সন্তান আব্দুল হান্নান হাদু, মুক্তার হাজী সহ বিভিন্ন শ্রেণীর পেশার মানুষ উপস্থিত ছিলেন।

মেহেরপুর পৌরসভার মেয়র মাহফুজুর রহমান রিটন বলেন নির্বাচনের সময় আপনাদের কাছে প্রতিশ্রুতি দেওয়া ছিল জায়গার ব্যবস্থা হলে আমি আপনাদের ঈদগাহ মাঠ করে দিব আজকে সেই কথার বাস্তবায়ন হতে যাচ্ছে। আপনাদের সকলকে ঈদগাহ মাঠ নতুন আঙ্গিনায় তৈরি হবে নতুন সাজে সাজবে বিশেষ করে দিঘির পাড়া ৫ নাম্বার এবং ৭ নাম্বার ওয়ার্ড মানুষগুলোর দীর্ঘদিনের চাওয়া পাওয়া এটা আজকে পূরণ হতে যাচ্ছে।

এ সময় তিনি আরো বলেন সামনে রমজানের ঈদে রাস্তা দিয়ে হেঁটে এই নতুন ঈদগাঁতে নামাজ আদায় পারে সেই ব্যবস্থা করে দেবো ইনশাআল্লাহ।

এর আগে মেহেরপুর পৌরসভার ৫ এবং ৭ নম্বর ওয়ার্ডের সমন্বয়ে মেহেরপুর পৌরসভার মেয়র ও মেহেরপুর জেলা যুবলীগের আহবায়ক মাহফুজুর রহমান রিটনকে ফুল দিয়ে বরণ করে নিন।

মেহেরপুরে জেলা বিএনপির সাধারণ সম্পাদক ও সাবেক এমপি গ্রেফতার

মেহেরপুর জেলা বিএনপির সাধারণ সম্পাদক ও সাবেক সংসদ সদস্য আমজাদ হোসেনকে গ্রেফতার করেছে পুলিশ।

সোমবার দুপুর দেড়টার দিকে উপজেলার পোড়াপাড়া নামক স্থানে অভিযান চালিয়ে গাংনী থানার এস আই হাফিজুর রহমান সঙ্গীয় ফোর্স নিয়ে তাকে গ্রেফতার করে।



গাংনী থানার দায়িত্বরত কর্মকর্তা এস আই আব্দুল মতিন জানান, গত রবিবার দায়ের করা নাশকতা মামলার আসামি হিসেবে তাকে আটক করা হয়েছে। আটকের পর আদালতে পাঠানো হয়েছে।

মুজিবনগরে উপজেলা জামায়াতের আমিরসহ গ্রেফতার ৫

মুজিবনগরে বিশেষ অভিযান পরিচালনা করে নাশকতা মামলার আসামি মুজিবনগর উপজেলা জামায়াতের আমির খানজাহান আলী সহ ৫ জামায়াত নেতাকর্মীকে গ্রেফতার করেছে মুজিবনগর থানা পুলিশ।

রবিবার উপজেলার বিভিন্ন স্হানে অভিযান পরিচালনা করে উপজেলা জামায়াতের আমির বিশ্বনাথপুর গ্রামের মোজাম্মেল হক এর ছেলে খান জাহান আলী (৪৫),মোনাখালী ইউনিয়ন জামায়াতের ৫ নম্বর ওয়ার্ড সেক্রেটারি শিবপুর গ্রামের ছামছার শেখের ছেলে আসাদুল হক, (৫০), দারিয়াপুর ইউনিয়ন জামায়াতের ৯ নম্বর ওয়ার্ডের শ্রমিক কল্যাণ সভাপতি গৌরিনগর গ্রামের মৃত আপে মন্ডলের ছেলে আব্দুল (৫৭)ও মফেল শেখ এর ছেলে ফরিদুল ইসলাম,এবং আজিজুল হক এর ছেলে নূর মোহাম্মদ (৫৫)কে গ্রেফতার করে মুজিবনগর থানা পুলিশ।

মুজিবনগর থানার অফিসার ইনচার্জ (ওসি) মেহেদী রাসেল জানান, উপজেলার পৃথক পৃথক স্থানে অভিযান পরিচালনা করে নাশকতা মামলার আসামি উপজেলা জামায়াতের আমিরসহ ৫ জামায়াত নেতাকর্মীকে গ্রেফতার করে বিজ্ঞ আদালতে সোপর্দ করা হয়েছে ।